# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL


## সরকারি ব্যবস্থাপনায় বোয়েসেল-এর মাধ্যমে রাশিয়ার জাহাজ নির্মাণখাতে পুরুষ কর্মী নিয়োগ

**বোয়েসেল-এর কোন এজেন্ট/সাব-এজেন্ট নেই, আগ্রহী প্রার্থীগণ সরাসরি আবেদন করতে পারবেন এবং বোয়েসেল কর্মী নির্বাচনে নিজে সিদ্ধান্ত নেয়**

স্মারক নং: ৪৯.০২.০০০০.০০৪.৪৯.০০১.২১/১৮১৭ তারিখ: ০৩.০৮.২০২৫ খ্রি.

| ক্র | পদের নাম | সংখ্যা | মাসিক বেতন | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | Ship Painter | ৫০ | ৪৫০০০ রুবেল | আগ্রহী প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৬ (ছয়) মাস দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর অথবা অন্যান্য দেশে আন্তর্জাতিক জাহাজ নির্মাণ শিল্পে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে |
| ২. | Ship Machine Fitter | ২০ | ৫০০০০ রুবেল | |
| ৩. | Electric and Gas Welder | ৩০ | ৬০০০০ রুবেল | |
| ৪. | Metal Ship Hull Assembler | ৩০ | ৬০০০০ রুবেল | |
| ১ রুবেল= ১.৫০ টাকা (আনুমানিক) | | | | |

**চাকরির শর্তাবলি:**

(১) প্রার্থীদের অবশ্যই ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে, তবে রাশিয়ান ভাষায় পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
(২) সংশ্লিষ্ট কাজের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে;
(৩) চাকরির চুক্তি ০১ (এক) বৎসর (নবায়নযোগ্য);
(৪) শিক্ষানবিশকাল ০৩ (তিন) মাস;
(৫) প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে;
(৬) খাবার কর্মীর নিজ ব্যবস্থাপনায়;
(৭) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;
(৮) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বছরে ০৩-০৫ মাস -১১ থেকে -৩০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় কাজ করতে হবে; (ঠান্ডা/এলার্জির প্রবণতা থাকলে আবেদন না করা সঙ্গত হবে)
(৯) অন্যান্য শর্তাবলি রাশিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**অন্যান্য তথ্যাবলী:**

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ ৫৬,৩৫০/- টাকা প্রদান করতে হবে। এছাড়াও মেডিকেল ফি বাবদ ২,০০০/-, ভিসা স্ট্যাম্পিং ফি বাবদ ১০,৬০০/- টাকাসহ আনুসাঙ্গিক অন্যান্য ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত লিংকে সকল তথ্যাদি পূরণপূর্বক **ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, অভিজ্ঞতার সনদ, ট্রেনিং সনদ, পাসপোর্টের রঙিন কপি একটি পিডিএফ ফাইল তৈরি করে work experience এর ধাপে upload personal cv -তে আবশ্যিকভাবে আপলোড করতে হবে।** আগামী ১০.০৮.২০২৫ তারিখ পর্যন্ত আগ্রহী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের স্ব-স্ব ট্রেডের উপর RPL উত্তীর্ণ সনদ আবশ্যক। উল্লেখ্য, ইনভাইটেশন লেটার/ ভিসা/ ওয়ার্কপারমিট ইস্যুর জন্য প্রার্থী কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলের পর প্রার্থী রাশিয়া গমনে অনীহা প্রকাশ করলে বোয়েসেল-এ দাখিলকৃত তাঁর পে-অর্ডারটি বাজেয়াপ্ত ঘোষণা করা হবে।

**বি:দ্র:- চূড়ান্তভাবে নির্বাচিত কর্মীদের রাশিয়া গমনের পর রাশিয়ান ভাষা পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হতে হবে। অনুত্তীর্ণ প্রার্থীদের রাশিয়ান আইন অনুযায়ী বাংলাদেশে ফেরৎ পাঠানো হবে।**

**(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোনো প্রকার ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)**

**❋আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন এবং নির্দিষ্ট সংখ্যক আবেদন জমা হওয়ার সাথে সাথে আবেদন দাখিল প্রক্রিয়া স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে❋**

"প্রয়োজনে প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ -এ যোগাযোগ করা যেতে পারে"

**আবেদন লিংক:-** https://brms.boesl.gov.bd/

০৩.০৮.২৫
নোমান চৌধুরী
সহকারী মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।






**অফিস ঠিকানা :**
প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।


ISO 9001: 2015

**যোগাযোগ নম্বর :**
ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

# বোয়েসেল-এর মাধ্যমে অনলাইনে চাকরি আবেদনের ধাপসমূহ

Google Search এ গিয়ে লিখুন brms.boesl.gov.bd

| | | |
|---|---|---|
| ধাপ-১ | brms.boesl.gov.bd পোর্টালে প্রবেশ করে রেজিস্ট্রার-এ ক্লিক করতে হবে। |  |
| ধাপ-২ | নিজ নাম, মোবাইল নম্বর এবং পছন্দ অনুযায়ী পাসওয়ার্ড প্রদানের মাধ্যমে মোবাইলে একটি OTP কোড গ্রহণের পর Registration সম্পন্ন করতে হবে। |  |
| ধাপ-৩ | মোবাইলে প্রাপ্ত OTP কোড প্রদানের মাধ্যমে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। |  |
| ধাপ-৪ | Go to Account –এ ক্লিক করে প্রদত্ত মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড প্রদানের মাধ্যমে Log In সম্পন্ন করতে হবে। |  |
| ধাপ-৫ | Log In সম্পন্ন করে আবেদনকারীর নাম, বাবা ও মা-এর নাম, জন্ম তারিখ, পাসপোর্ট এর তথ্য , বৈবাহিক অবস্থা, ঠিকানা, ব্যাক্তিগত সিভি, শিক্ষাগত যোগ্যতা, কাজের অভিজ্ঞতা ও ছবিসহ প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে নিজ প্রোফাইল সম্পন্ন করতে হবে । | |

| | | |
|---|---|---|
| ধাপ-৬ | ধাপ-৫ সম্পন্নের পরে চাকরি আবেদনের জন্য Start Applying এ ক্লিক করে যোগ্যতা অনুযায়ী চাকুরির আবেদন করতে হবে। |  |
| ধাপ-৭ | চাকরি আবেদন সম্পন্ন হলে অনলাইনে নগদ/বিকাশ/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করতে হবে অত:পর অনলাইন সিস্টেমেই সিভি এবং ইনভয়েস পাওয়া যাবে। উক্ত সিভি এবং ইনভয়েস প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। উক্ত ইনভয়েস বোয়েসেল-এ চাকরির সাক্ষাৎকার এর সময় দাখিল করতে হবে। | |